# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০২৩ তারিখঃ ১৬ আগষ্ট ২০২৩

**বিষয়ঃ বিকেবি ডাবল প্রফিট স্কীম, বিকেবি মিলিয়নিয়ার স্কীম, বিকেবি মাসিক ডিপোজিট স্কীম, বিকেবি লাখপতি স্কীম, ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প এবং বিকেবি মাসিক মুনাফা প্রকল্পে ২০২১ সালে নির্ধারিত সুদ হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

আর্থিক স্বচ্ছলতা, স্থিতিশীলতা ও সমৃদ্ধির লক্ষ্যে দেশের সর্বস্তরের মানুষের মধ্যে সঞ্চয় মনোভাব গড়ে তোলার মাধ্যমে জনসাধারণকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করার পাশাপাশি ব্যাংকের স্থায়ী ও দীর্ঘ মেয়াদি আমানত ভীত গড়ে তোলার লক্ষ্যে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও পর্ষদ সভার অনুমোদনক্রমে বিভিন্ন সময়ে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বিভিন্নধরনের ডিপোজিট স্কীম প্রবর্তন করা হয়। সেই ধারাবাহিকতায়সর্বশেষ ২০১৯ সালে পরিচালনা পর্ষদের ৭২৯, ৭৩০, ৭৩৩ এবং ৭৪৪ তম সভারসদয় সিদ্ধান্ত ও অনুমোদনক্রমেআমানতের নতুন ০৬টি স্কীম চালু করা হয়; যথা- বিকেবি ডাবল প্রফিট স্কীম, মিলিয়নিয়ার স্কীম, বিকেবি মাসিক ডিপোজিট স্কীম, বিকেবি লাখপতি স্কীম, ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প, বিকেবি মাসিক মুনাফা প্রকল্প। পরিচালনা পর্ষদের ৭৯২ তম সভায় উপস্থাপিত কার্যপত্রের আলোকে বিগত ৩১.০৮.২০২১ খ্রিঃ তারিখে পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ দ্বারা বর্ণিত স্কীমসমূহের সুদ হার পুনঃনির্ধারণ করা হয়।

০২। বর্তমান প্রতিযোগীতামূলক বাজারে সরকারি-বেসরকারি ব্যাংকসমূহ তাদের ব্যবসা সুদৃঢ়করণসহ গ্রাহকদের আকৃষ্ট করার লক্ষ্যে আকর্ষণীয় সুদ/মুনাফার হারে আমানত স্কীম প্রবর্তন করে চলেছে। এহেন পরিস্থিতিতে প্রতিযোগীতায় টিকে থাকতে হলে এবং ব্যাংকেরভিত্তি সুদৃঢ়করণের লক্ষ্যে আমানত প্রবাহ বৃদ্ধি অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। বর্তমান বাজার চাহিদাকে (গ্রাহক পর্যায়ে মুনাফার চাহিদা) বিবেচনা করে বিকেবি'র প্রতি গ্রাহকদের আকর্ষণ অক্ষুন্ন রাখতে এবং নতুন গ্রাহকদের মাঝে সঞ্চয়ের প্রবনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে চলমান/প্রচলিত স্কীমসমূহের সুদ হার বৃদ্ধি করা অপরিহার্য।এবিষয়ে পরিচালনা পর্ষদের **৮৩৮** তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে সভায় বিস্তারিত আলোচনা শেষে সুদের হার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণের জন্য অনুমোদন প্রদান করা হয়।

০৩। পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে আমানত স্কীমসমূহের পুনঃনির্ধারিত মেয়াদ ও সুদের হার ঃ পরিচালনা পর্ষদের **৮৩৮**তম সভার সিদ্ধান্ত মোতাবেক আমানত স্কীমসমূহের পুনঃনির্ধারিত মেয়াদ ও সুদের হার নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলোঃ

০৩.০১। বিকেবি ডাবল প্রফিট স্কীম (মূল পরিপত্র নং ০৭/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯) ঃ

১০,০০০.০০ (দশ হাজার) টাকা বা এর গুণিতক যেকোনো পরিমাণ টাকা জমা দিয়ে মাসের যেকোনো কর্মদিবসে হিসাব খোলা যাবে।

| ক্রঃ নং | স্কীমের নাম | বর্তমান | | প্রস্তাবিত | |
|---|---|---|---|---|---|
| | | সুদ হার | মেয়াদ | সুদ হার | মেয়াদ |
| ০১ | বিকেবি ডাবল প্রফিট স্কীম | ৭.০০% | ১২ বছর | ৮.২৫% | ১০ বছর |

- সুদের পরিমাণ কম/বেশি যাই হোক মেয়াদপূর্তিতে গ্রাহকের টিআইএন নম্বর থাকা সাপেক্ষেসরকারী বিধি মোতাবেক উৎসেকর ও আবগারী শুল্ক কর্তনপূর্বক আসলের সমপরিমাণ সুদ প্রদেয় হবে। টিআইএন নম্বর না থাকলে সরকার কর্তৃক ঘোষিত প্রযোজ্য অতিরিক্ত হারে কর্তনকৃত উৎসেকর প্রদেয় সুদ হতে বিয়োজন করতে হবে এবং সেক্ষেত্রে প্রদেয় সুদের পরিমাণ কম হবে।

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**

আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

ক. হিসাব খোলার ১ (এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।

খ. ১(এক) বছরের বেশি কিন্তু ৩(তিন) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৩.৫০% হারে সুদ প্রদেয় হবে।

গ. ৩(তিন) বছরের বেশি কিন্তু ৫(পাঁচ) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৫.৫০% হারে সুদ প্রদেয় হবে।

ঘ. ৫(পাঁচ) বছরের বেশি কিন্তু ৮(আট) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৭.০০% হারে সুদ প্রদেয় হবে।

ঙ. ৮(আট) বছরের বেশি কিন্তু ১০ (দশ) বছরের কম হলে ৭.৭৫ % হারে সুদ প্রদেয় হবে।

চ.মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে হিসাব বন্ধের চার্জ ব্যতীত প্রযোজ্য ক্ষেত্রে আবগারী ও অন্যান্য সরকারী চার্জ কর্তনযোগ্য হবে।

এতদ্ব্যতীত, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৭/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯ এবং এ সংক্রান্ত সময়ে সময়ে জারিকৃত সংশোধনী ও স্পষ্টিকরণ সার্কুলারসমূহের (যদি থাকে) অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকবে।

চলমান পাতা-০২

০৩.০২। **বিকেবি মিলিয়নিয়ার স্কীম** (মূল পরিপত্র নং ০৫/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯)ঃ
নির্ধারিত পরিমাণ টাকা জমা দিয়ে মাসের যে কোনো কর্মদিবসে হিসাব খোলা যাবে।

| ক্রঃ নং | মেয়াদকাল | বর্তমান | | | পুনঃনির্ধারিত | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | মাসিক জমা পরিমাণ | সুদ হার | প্রাপ্য টাকা | মাসিক জমার পরিমাণ | সুদ হার | প্রাপ্য টাকা |
| ০১ | ০৩ বছর | ২৫,৮৩০.০০ | ৬.০০% | ১০,০০,০০০.০০ | ২৫,৪৫০.০০ | ৭.২৫% | ১০,০৪,৮২৯.০০ |
| ০২ | ০৫ বছর | ১৪,৬০০.০০ | ৬.২৫% | ১০,০০,০০০.০০ | ১৪,২৫০.০০ | ৭.৫০% | ১০,০৫,৬৬৬.০০ |
| ০৩ | ০৭ বছর | ৯,৭৭০.০০ | ৬.৫০% | ১০,০০,০০০.০০ | ৯,৪৫০.০০ | ৭.৭৫% | ১০,০৭,৭৫১.০০ |
| ০৪ | ১০ বছর | ৬,০৯০.০০ | ৭.০০% | ১০,০০,০০০.০০ | ৫,৮০০.০০ | ৮.২৫% | ১০,০৯,১৫৬.০০ |

- সুদের পরিমাণ কম/বেশি যাই হোক মেয়াদপূর্তিতে গ্রাহকের টিআইএন নম্বর থাকা সাপেক্ষে সরকারী বিধি মোতাবেক উৎসেকর ও আবগারী শুল্ক কর্তনপূর্বক ১০.০০ (দশ) লক্ষ টাকা প্রদান করা হবে, এক্ষেত্রে মেয়াদ শেষে হিসাবায়নের সময় কম/অতিরিক্ত সুদ (যদি থাকে) সমন্বয় করতে হবে। টিআইএন নম্বর না থাকলে সরকার কর্তৃক ঘোষিত প্রযোজ্য অতিরিক্ত হারে কর্তনকৃত উৎসেকর প্রদেয় সুদ হতে বিয়োজন করতে হবে এবং সেক্ষেত্রে প্রদেয় সুদের পরিমাণ কম হবে।

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**

আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

ক. হিসাব খোলার ১ (এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।
খ. ১(এক) বছরের বেশি কিন্তু ২(দুই) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৩.৫০% হারে সুদ প্রদেয় হবে।
গ. ২(দুই) বছরের বেশি কিন্তু ৩(তিন) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৬.০০% হারে সুদ প্রদেয় হবে।
ঘ. ৩(তিন) বছরের বেশি কিন্তু ৫(পাঁচ) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৭.২৫% হারে সুদ প্রদেয় হবে।
ঙ. ৫(পাঁচ) বছরের বেশি কিন্তু ৭(সাত) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৭.৫০% হারে সুদ প্রদেয় হবে।
চ. ৭(সাত) বছরের বেশি কিন্তু ১০(দশ) বছরের কম হলে ৭.৭৫% হারে সুদ প্রদেয় হবে।
ছ. মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে হিসাব বন্ধের চার্জ ব্যতীত প্রযোজ্য ক্ষেত্রে আবগারী ও অন্যান্য সরকারী চার্জ কর্তনযোগ্য হবে।

এতদ্ব্যতীত, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৫/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯ এবং এ সংক্রান্ত সময়ে সময়ে জারিকৃত সংশোধনী ও স্পষ্টিকরণ সার্কুলারসমূহের (যদি থাকে) অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকবে।

০৩.০৩। **বিকেবি মাসিক ডিপোজিট স্কীম** (মূল পরিপত্র নং ০৬/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯)ঃ
১,০০০.০০ (এক হাজার ) টাকা বা এর গুণিতক তবে ১০,০০০.০০ (দশ হাজার ) টাকার উর্ধ্বে নয় টাকা জমা দিয়ে মাসের যে কোনো কর্মদিবসে হিসাব খোলা যাবে।

| ক্রমিক নং | মাসিক জমার পরিমাণ | মেয়াদকাল | বর্তমান | | পুনঃনির্ধারিত | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুদ হার | মেয়াদান্তে প্রদেয় | সুদ হার | মেয়াদান্তে প্রদেয় |
| ০১ | ১০০০.০০ বা তার গুণিতক তবে ১০০০০.০০ টাকার উর্ধ্বে নয় | ০৩ বছর | ৬.০০% | ৩৮,৯১৮/- | ৭.২৫% | ৩৯,৬২৮/- |
| ০২ | | ০৫ বছর | ৬.২৫% | ৬৮,৯১৮/- | ৭.৫০% | ৭০,৮৮৮/- |
| ০৩ | | ০৭ বছর | ৬.৫০% | ১,০৩,০০৮/- | ৮.০০% | ১,০৭,৯০৯/- |
| ০৪ | | ১০ বছর | ৭.০০% | ১,৬৫,৩৪৬/- | ৮.২৫% | ১,৭৪,৪১৯/- |

- টিআইএন নম্বর থাকা সাপেক্ষে ১০% হারে উৎসে কর কর্তন এবং বর্তমান প্রচলিত হারে আবগারী শুল্ক হিসাবায়নপূর্বক বিয়োজন করে মেয়াদান্তে প্রদেয় টাকার পরিমাণ হিসাবায়ন করা হয়েছে। তবে, টিআইএন নম্বর না থাকলে এবং আবগারী শুল্কের হার পরিবর্তন হলে প্রদেয় টাকার পরিমাণ কম হবে।মাসিক ১০০০.০০ টাকা জমা হিসাব করে হিসাবায়ন করা হয়েছে। মাসিক জমার পরিমাণ গুণিতক হারে বাড়লে মেয়াদান্তে প্রদেয় টাকার পরিমাণ গুণিতক হারে বৃদ্ধি পাবে। তবে এক্ষেত্রে উৎসে কর ও আবগারী শুল্ক কর্তনের কারণে প্রাপ্ত টাকার পরিমাণে তারতম্য হতে পারে।

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**

আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

ক. হিসাব খোলার ১ (এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।
খ. ১(এক) বছরের বেশি কিন্তু ২ (দুই) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৩.৫০% হারে সুদ প্রদেয় হবে।
গ. ২(দুই) বছরের বেশি কিন্তু ৩ (তিন) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৬.০০% হারে সুদ প্রদেয় হবে।
ঘ. ৩ (তিন) বছরের বেশি কিন্তু ৫(পাঁচ)বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৭.২৫% হারে সুদ প্রদেয় হবে।
ঙ. ৫(পাঁচ) বছরের বেশি কিন্তু ৭ (সাত) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৭.৫০% হারে সুদ প্রদেয় হবে।
চ. ৭ (সাত) বছরের বেশি তবে ১০ (দশ) বছরের কম হলে ৮.০০% হারে সুদ প্রদেয় হবে।
ছ. মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে হিসাব বন্ধের চার্জ ব্যতীত প্রযোজ্য ক্ষেত্রে আবগারী ও অন্যান্য সরকারী চার্জ কর্তনযোগ্য হবে।

চলমান পাতা -০৩

এতদ্ব্যতিত, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৬/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯ এবং এ সংক্রান্ত সময়ে সময়ে জারিকৃত সংশোধনী ও স্পষ্টিকরণ সার্কুলারসমূহের (যদি থাকে) অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকবে।

০৩.০৪। **বিকেবি লাখপতি স্কীম** (মূল পরিপত্র নং ০৯/২০১৯ তারিখঃ ০৬-০৫-২০১৯)ঃ

নির্ধারিত পরিমাণ টাকা জমা দিয়ে মাসের যে কোনো কর্মদিবসে হিসাব খোলা যাবে।

| ক্রমিক নং | সঞ্চয় স্কীমের নাম | মেয়াদকাল | বর্তমান | | পুনঃনির্ধারিত | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুদ হার | কিস্তি | সুদ হার | কিস্তি |
| ০১ | বিকেবি লাখপতি স্কীম | ০৭ বছর | ৭.০০% | ৯৮০/- | ৮.২৫% | ৯৫০/- |

- ➢ সরকারী নির্দেশনা মোতাবেক উৎসে কর ও বর্তমান আবগারী শুল্ক কর্তনের পর মেয়াদপূর্তিতে গ্রাহককে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করা হবে। কিন্তু, টিআইএন নম্বর না থাকলে এবং আবগারী শুল্কের হার পরিবর্তন হলে প্রদেয় টাকার পরিমাণ কম হবে।
- ➢ সুদের পরিমাণ কম/বেশি যাই হোক মেয়াদপূর্তিতে ১.০০ (এক) লক্ষ টাকা প্রদান করা হবে, এক্ষেত্রে মেয়াদ শেষে হিসাবায়নের সময় কম/অতিরিক্ত সুদ সমন্বয় করা হবে।

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**

আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

ক. হিসাব খোলার পর ২(দুই) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।

খ. হিসাব খোলার পর ২(দুই) বছরের বেশি কিন্তু ৭ (সাত) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৩.৫০% হারে সুদ প্রদেয় হবে।

গ. মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে হিসাব বন্ধের চার্জ ব্যতীত প্রযোজ্য ক্ষেত্রে আবগারী ও অন্যান্য সরকারী চার্জ কর্তনযোগ্য হবে।

এতদ্ব্যতীত, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৯/২০১৯ তারিখ ০৬-০৫-২০১৯ এবং এ সংক্রান্ত সময়ে সময়ে জারিকৃত সংশোধনী ও স্পষ্টিকরণ সার্কুলারসমূহের (যদি থাকে) অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকবে।

০৩.০৫। **ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প** (মূল পরিপত্র নং ০৪/২০১৯ তারিখঃ ২৮-০৩-২০১৯)ঃ

এককালীন ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা বা এর গুনিতক তবে সর্বোচ্চ ৫০,০০০,০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা জমা দিয়ে মাসের যে কোনো কর্মদিবসে হিসাব খোলা যাবে।

| ক্রঃ নং | সঞ্চয় স্কীমের নাম | মেয়াদকাল | বর্তমান | | পুনঃনির্ধারিত | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুদ হার | ত্রৈমাসিক মুনাফার পরিমাণ | সুদ হার | ত্রৈমাসিক মুনাফার পরিমাণ (প্রযোজ্য কর্তনসমুহ ব্যতীত) |
| ০১ | ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প | ০৩ বছর | ৬.৫০% | ১,৬২৫/- | ৭.৫০% | ১,৮৭৫/- |

- ➢ মুনাফা হতে বিধি মোতাবেক উৎসেকর ও আবগারী শুল্ক কর্তন করতে হবে। মুনাফা স্থানান্তর ফি কর্তন করা হবে না।

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**

ক. হিসাব খোলার ৩ (তিন) মাসের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।

খ. ৩ (তিন) মাস পর কিন্তু ৩ (তিন) বছরের কম সময়ের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৩.৫০% হারে সুদ প্রদেয় হবে। এক্ষেত্রে ইতোপূর্বে প্রদত্ত সুদ যদি প্রাপ্য সুদ অতিরিক্ত হয়ে থাকে তবে হিসাব বন্ধ করার সময় অতিরিক্ত প্রদত্ত সুদ মুল আমানত হতে আদায় করতে হবে।

গ. মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে হিসাব বন্ধের চার্জ ব্যতীত প্রযোজ্য ক্ষেত্রে আবগারী ও অন্যান্য সরকারী চার্জ কর্তনযোগ্য হবে।

এতদ্ব্যতীত, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৪/২০১৯ তারিখ ২৮-০৩-২০১৯ এবং এ সংক্রান্ত সময়ে সময়ে জারিকৃত সংশোধনী ও স্পষ্টিকরণ সার্কুলারসমূহের (যদি থাকে) অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকবে।

০৩.০৬। **বিকেবি মাসিক মুনাফা প্রকল্প** (মূল পরিপত্র নং ২৩/২০১৯ তারিখঃ ২১-১০-২০১৯)ঃ

এককালীন ১০০০০০.০০ (এক লক্ষ) টাকা বা এর গুণিতক টাকা জমা দিয়ে মাসের যে কোনো কর্মদিবসে হিসাব খোলা যাবে।

| ক্রঃ নং | সঞ্চয় স্কীমের নাম | মেয়াদকাল | বর্তমান | | পুনঃনির্ধারিত | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুদ হার | মাসিক মুনাফার পরিমাণ | সুদ হার | মাসিক মুনাফার পরিমাণ (প্রযোজ্য কর্তনসমুহ ব্যতীত) |
| ০১ | বিকেবি মাসিক মুনাফাপ্রকল্প | ০৭ বছর | ৭.০০% | ৫৮৩/- | ৮.০০% | ৬৬৭/- |

- ➢ মুনাফা হতে বিধি মোতাবেক উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন করতে হবে। মুনাফা স্থানান্তর ফি কর্তন করা হবে না।

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**

আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্লোক্ত নিয়ম অনুসরণ করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবে স্থানান্তরের মাধ্যমে প্রদেয় হবে।

ক. হিসাব খোলার ১ (এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।

খ. ১ (এক) বছরের বেশি কিন্তু ৩ (তিন) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৩.৫০% হারে সুদ প্রদেয় হবে।

গ. ৩ (তিন) বছরের বেশি কিন্তু ৫ (পাঁচ) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৬.০০% হারে সুদ প্রদেয় হবে।

ঘ. ৫ (পাঁচ) বছরের উর্ধে কিন্তু ৭ (সাত) বছরের কম হলে ৭.০০% হারে সুদ প্রদেয় হবে।

ঙ. মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে হিসাব বন্ধের চার্জ ব্যতীত প্রযোজ্য ক্ষেত্রে আবগারী ও অন্যান্য সরকারী চার্জ কর্তনযোগ্য হবে।

এতদ্ব্যতীত, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ২৩/২০১৯ তারিখ ২১-১০-২০১৯ এবং এ সংক্রান্ত সময়ে সময়ে জারিকৃত সংশোধনী ও স্পষ্টিকরণ সার্কুলারসমূহের (যদি থাকে) অন্যান্য শর্ত অপরিবর্তিত থাকবে।

০৪। **উক্ত নির্দেশনা পরিপত্র জারির তারিখ হতে কার্যকর হবে**। উল্লেখ্য যে, সকল ধরনের আমানত হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে ইতোপূর্বে জারীকৃত প্রযোজ্য পরিপত্র ও পত্রের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।সেইসাথে **আলোচ্য স্কীমসমূহের আওতায় ইতিমধ্যে খোলা হিসাবসমূহের বিষয়ে সংশ্লিষ্ট সময়ের বলবৎকৃত সার্কুলার প্রযোজ্য হবে**। শুধুমাত্র আলোচ্য পরিপত্র জারির তারিখ হতে পরবর্তী সময়ে খোলা হিসাব/স্কীমসমূহের আমানতকারীগণ আলোচ্য সুবিধাদি প্রাপ্য হবেন।এ বিষয়ে কোন ধরনের অস্পষ্টতা পরিলক্ষিত হলে বা স্পষ্টিকরণের প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকায় যোগাযোগ করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৬/০৮/২০২৩

**(মোহাঃ খালেদুজ্জামান)**
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৯)অংশ-২/২০২৩-২০২৪/২৩৮ তারিখঃ ১৬ আগষ্ট ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

১৬.০৮.২৩

(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫,ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৮/২০২১ তারিখঃ ৩১-০৮-২০২১ খ্রিঃ

**বিষয়ঃ-বিকেবি ডাবল প্রফিট স্কীম, বিকেবি মিলিয়নিয়ার স্কীম, বিকেবি মাসিক ডিপোজিট স্কীম, বিকেবি, লাখপতি স্কীম, ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প, এবং বিকেবি, মাসিক মুনাফা প্রকল্পের সুদের হার পুনঃনির্ধান প্রসঙ্গে।**

আর্থিক স্বচ্ছলতা, স্থিতিশীলতা ও সমৃদ্ধির লক্ষ্যে দেশের সর্ব স্তরের মানুষের মধ্যে সঞ্চয় মনোভাব গড়ে তোলা অপরিহার্য বিধায় জনসাধারনকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করার পাশাপাশি ব্যাংকের স্থায়ী ও দীর্ঘ মেয়াদি আমানত ভিত্তি গড়ে তোলার লক্ষ্যে ২০১৯ সালে আমানতের নতুন ০৬ টি স্কীম চালু করা হয়। উক্ত সময়ে বাস্তবতার নিরিখে স্কীমসমূহে যৌক্তিক সুদের হার নির্ধারন করা হয়েছিল। সম্প্রতি ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর ২২ এপ্রিল ২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৮ এর মাধ্যমে কৃষি ও পল্লীঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার সর্বোচ্চ ৯% হতে কমিয়ে সর্বোচ্চ ৮% করা হয়। বাংলাদেশ ব্যাংকের উক্ত সার্কুলার এর প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক এ আমানত অপেক্ষা বিনিয়োগের সুদের হার কম। এমতাবস্থায় ব্যাংককে লাভজনক পর্যায়ে উন্নীত করতে হলে বেশি বেশি বিনিয়োগের পাশাপাশি উক্ত স্কীমসমূহের সুদ ব্যয় হ্রাস করা আবশ্যক/অপরিহার্য্য। এবিষয়ে পরিচালনা পর্ষদের ৭৯২ তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে সভায় বিস্তারিত আলোচনা শেষে সুদের হার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারনের জন্য অনুমোদন প্রদান করা হয়।

০২। পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে আমানত স্কীমসমূহের পুনঃনির্ধারিত মেয়াদ ও সুদের হার ঃ পরিচালনা পর্ষদের ৭৯২ তম সভার সিদ্ধান্ত মোতাবেক আমানত স্কীমসমূহের পুনঃনির্ধারিত মেয়াদ ও সুদের হার নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলোঃ

০২.০১। বিকেবি, ডাবল প্রফিট স্কীম (মূল পরিপত্র নং ০৭/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯)ঃ
১০,০০০.০০ (দশ হাজার) টাকা বা এর গুণিতক যেকোন পরিমান টাকা জমা দিয়ে মাসের যেকোন কর্মদিবসে হিসাব খোলা যাবে ।

| ক্রমিক নং | সঞ্চয় স্কীমের নাম | বর্তমান | | পুনঃনির্ধারিত | |
|---|---|---|---|---|---|
| | | সুদ হার | মেয়াদ | সুদ হার | মেয়াদ |
| ০১ | বিকেবি, ডাবল প্রফিট স্কীম | ৮.২৫ | ৯ বছর | ৭.০০ | ১২ বছর |

** টিআইএন নম্বর থাকা সাপেক্ষে আসলের সমপরিমান সুদ প্রদেয় হবে। টিআইএন নম্বর না থাকলে মেয়াদ পূর্তিতে প্রদেয় সুদের পরিমান প্রতি লক্ষ টাকায় ১০,০০০.০০ (দশ হাজার) টাকা কম হবে।

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**
আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরন করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

ক) হিসাব খোলার ১ (এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।
খ) ১(এক) বছরের বেশি কিন্তু ৩(তিন) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে সঞ্চয়ী হিসাবের সুদ হারে মুনাফা প্রদেয়।
গ) ৩ (তিন) বছরের বেশি কিন্তু ৫ (পাঁচ) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে মেয়াদী আমানত হিসাবের সুদ হারে (সর্ব্বোচ্চ ৬%) মুনাফা প্রদেয় হবে।
ঘ) ৫ (পাঁচ) বছরের বেশি কিন্তু ৮ (আট) বছরের কম হলে ৬.২৫ % সুদ প্রদেয় হবে।
ঙ) ৮ (আট) বছরের বেশি কিন্তু ১২ (বার) বছরের কম হলে ৬.৫০ % সুদ প্রদেয় হবে।
চ) মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে হিসাব বন্ধের চার্জ ব্যতিত প্রযোজ্য ক্ষেত্রে আবগারী ও অন্যান্য সরকারী চার্জ কর্তনযোগ্য হবে।

এতদ্ব্যতিত, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ১০/২০১৯ তারিখ ০৬-০৫-২০১৯ এবং পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ২৪/২০১৯ তারিখ ২১-১০-২০১৯ এর সংশোধনীসহ পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৭/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯ এর সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

চলমান পাতা - ০২

**০২.০২।বিকেবি, মিলিয়নিয়ার স্কীম** (মূল পরিপত্র নং ০৫/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯)ঃ
নির্ধারিত পরিমান টাকা জমা দিয়ে মাসের যেকোন কর্মদিবসে হিসাব খোলা যাবে।

| মেয়াদকাল | বর্তমান | | | পুনঃনির্ধারিত | | |
|---|---|---|---|---|---|---|
| | মাসিক জমা পরিমান | সুদ হার | প্রাপ্য টাকা | মাসিক জমার পরিমান | সুদ হার | প্রাপ্য টাকা |
| ০৩ বছর | ২৫,২৫০.০০ | ৭.২৫ | ১০,০০,৭৩৯.০০ | ২৫,৮৩০.০০ | ৬.০০ | ১০,০০,০০০.০০ |
| ০৫ বছর | ১৪,১০০.০০ | ৭.৫০ | ১০,০০,৮৩৭.০০ | ১৪,৬০০.০০ | ৬.২৫ | ১০,০০,০০০.০০ |
| ০৭ বছর | ৯,৩১০.০০ | ৭.৭৫ | ১০,০১,০৩৪.০০ | ৯,৭৭০.০০ | ৬.৫০ | ১০,০০,০০০.০০ |
| ১০ বছর | ৫,৭০০.০০ | ৮.২৫ | ১০,০৫,৪৪০.০০ | ৬,০৭০.০০ | ৭.০০ | ১০,০০,০০০.০০ |

** সুদের পরিমান কম/বেশি যাই হোক মেয়াদ পূর্তিতে গ্রাহকের টিআইএন নম্বর থাকা সাপেক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকা প্রদান করা হবে, এক্ষেত্রে শেষ বছর হিসাবের সময় কম/অতিরিক্ত সুদ সমন্বয় করা হবে। টিআইএন নম্বর না থাকলে প্রদেয় টাকার পরিমান যথাক্রমে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত), ৮,৫০০/-(আট হাজার পাঁচশত), ১২,০০০/- (বার হাজার) এবং ১৭,৫০০/-(সতের হাজার পাঁচশত), টাকা কম হবে।

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**
আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তিও পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরন করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

ক. হিসাব খোলার ১ (এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।
খ. ১ (এক) বছরের বেশি কিন্তু ২ (দুই) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে সঞ্চয়ী হিসাবের সুদ হারে মুনাফা প্রদেয়।
গ. ২ (দুই) বছরের বেশি কিন্তু ৩ (তিন) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৫% মুনাফা প্রদেয় হবে।
ঘ. ৩(তিন) বছরের বেশি কিন্তু ৫(পাঁচ) বছরের কম হলে এ স্কীমের ৩(তিন) বছরের জন্য প্রযোজ্য (৬%) হারে সুদ প্রদেয় হবে।
ঙ. ৫(পাঁচ) বছরের বেশি কিন্তু ৭(সাত) বছরের কম হলে এ স্কীমের ৫(পাঁচ) বছরের জন্য প্রযোজ্য (৬.২৫%) হারে সুদ প্রদেয়।
চ. ৭ (সাত) বছরের বেশি কিন্তু ১০ (দশ) বছরের কম হলে এ স্কীমের ০৭ (সাত) বছরের জন্য প্রযোজ্য (৬.৫০%) হারে সুদ প্রদেয় হবে।
ছ. মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে হিসাব বন্ধের চার্জ ব্যতিত প্রযোজ্য ক্ষেত্রে আবগারী ও অন্যান্য সরকারী চার্জ কর্তনযোগ্য হবে।

এতদ্ব্যতিত, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ১০/২০১৯ তারিখ ০৬-০৫-২০১৯ এবং পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ২৪/২০১৯ তারিখ ২১-১০-২০১৯ এর সংশোধনীসহ পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৫/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯ এর সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

**০২.০৩। বিকেবি, মাসিক ডিপোজিট স্কীম** (মূল পরিপত্র নং ০৬/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯)ঃ
১,০০০.০০ (এক হাজার ) টাকা বা এর গুণিতক তবে ১০,০০০.০০ (দশ হাজার ) টাকার উর্ধ্বে নয় টাকা জমা দিয়ে মাসের যেকোন কর্মদিবসে হিসাব খোলা যাবে।

| ক্রমিক নং | মাসিক জমার পরিমান | মেয়াদকাল | বর্তমান | | পুনঃনির্ধারিত | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুদ হার | মেয়াদান্তে প্রদেয় | সুদ হার | মেয়াদান্তে প্রদেয় |
| ০১ | ১০০০.০০ | ০৩ বছর | ৭.২৫ | ৩৯,৭৫৮/- | ৬.০০ | ৩৮,৯১৮/- |
| ০২ | | ০৫ বছর | ৭.৫০ | ৭১,২৫০/- | ৬.২৫ | ৬৮,৯১৮/- |
| ০৩ | | ০৭ বছর | ৮.০০ | ১,০৮৭৪৩/- | ৬.৫০ | ১,০৩,০০৮/- |
| ০৪ | | ১০ বছর | ৮.২৫ | ১,৭৬,৭১৪/- | ৭.০০ | ১,৬৫,৩৪৬/- |

** টিআইএন নম্বর থাকা সাপেক্ষে ১০% উৎস কর কর্তন এবং বর্তমান প্রচলিত আবগারী শুল্ক হিসাব করে মেয়াদান্তে প্রদেয় টাকার পরিমান হিসাবায়ন করা হয়েছে। তবে, টিআইএন নম্বর না থাকলে এবং আবগারী শুল্কের হার পরিবর্তন হলে প্রদেয় টাকার পরিমান কম হবে। মাসিক ১০০০.০০ টাকা জমা হিসাব করে হিসাবায়ন করা হয়েছে। মাসিক জমার পরিমান গুণিতক হারে বাড়লে মেয়াদান্তে প্রদেয় টাকার পরিমান গুণিতক হারে বৃদ্ধি পাবে। তবে পরিমান গুণিতক হারে বাড়লে উৎস কর ও আবগারী শুল্ক কর্তনের কারনে প্রাপ্ত টাকার পরিমান কম হতে পারে।

চলমান পাতা- ০৩

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**

আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরন করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

ক. হিসাব খোলার ১ (এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।
খ. ১(এক) বছরের বেশি কিন্তু ২ (দুই) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে সঞ্চয়ী হিসাবের সুদ হারে মুনাফা প্রদেয় হবে।
গ. ২ (দুই) বছরের বেশি কিন্তু ৩ (তিন) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে ৫% হারে মুনাফা প্রদেয় হবে।
ঘ. ৩ (তিন) বছরের বেশি কিন্তু ৫ (পাঁচ) বছরের কম হলে এ স্কীমের ৩ (তিন) বছরের জন্য প্রযোজ্য (৬%) হারে সুদ প্রদেয় হবে।
ঙ. ৫ বছরের বেশি কিন্তু ৭ বছরের কম হলে এ স্কীমের ০৫ বছরের জন্য প্রযোজ্য (৬.২৫%) হারে সুদ প্রদেয়।
চ. ৭ বছরের বেশি তবে ১০ বছরের কম হলে এ স্কীমের ০৭ বছরের জন্য প্রযোজ্য (৬.৫০%) হারে সুদ প্রদেয়।
ছ. মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে হিসাব বন্ধের চার্জ ব্যতিত প্রযোজ্য ক্ষেত্রে আবগারী ও অন্যান্য সরকারী চার্জ কর্তনযোগ্য হবে।

এতদ্ব্যতিত পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ১০/২০১৯ তারিখ ০৬-০৫-২০১৯ এবং পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ২৪/২০১৯ তারিখ ২১-১০-২০১৯ এর সংশোধনীসহ পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৬/২০১৯ তারিখ ৩১-০৩-২০১৯ এর সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

**০২.০৪। বিকেবি, লাখপতি স্কীম** (মূল পরিপত্র নং ০৯/২০১৯ তারিখঃ ০৬-০৫-২০১৯)ঃ

নির্ধারিত পরিমান টাকা জমা দিয়ে মাসের যেকোন কর্মদিবসে হিসাব খোলা যাবে।

| ক্রমিক নং | সঞ্চয় স্কীমের নাম | মেয়াদকাল | বর্তমান | | পুনঃনির্ধারিত | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুদ হার | কিস্তি | সুদ হার | কিস্তি |
| ০১ | বিকেবি, লাখপতি স্কীম | ০৭ বছর | ৮.২৫ | ৯৫০/- | ৭.০০ | ৯৮০/- |

** সুদের পরিমান কম/বেশি যাই হোক মেয়াদ পূর্তিতে ১.০০ (এক) লক্ষ টাকা প্রদান করা হবে, এক্ষেত্রে শেষ বছর হিসাবের সময় কম/অতিরিক্ত সুদ সমন্বয় করা হবে।

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**

আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরন করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

ক. মেয়াদ পূর্তির পূর্বে ২ (দুই) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।
খ. হিসাব খোলার পর ২ (দুই) বছরের বেশি কিন্তু ৭ (সাত) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে সঞ্চয়ী হিসাবের সুদ হারে মুনাফা প্রদেয় হবে।
গ. মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে কোন চার্জ কর্তন করা যাবে না।

এতদ্ব্যতিত, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৯/২০১৯ তারিখ ০৬-০৫-২০১৯ এর সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

**০২.০৫। ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প** (মূল পরিপত্র নং ০৪/২০১৯ তারিখঃ ২৮-০৩-২০১৯)ঃ

এককালীন ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা বা এর গুনিতক তবে সর্বোচ্চ ৫০,০০০,০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা জমা দিয়ে মাসের যেকোন কর্মদিবসে হিসাব খোলা যাবে।

| ক্রঃ নং | সঞ্চয় স্কীমের নাম | বর্তমান | | পুনঃনির্ধারিত | |
|---|---|---|---|---|---|
| | | সুদ হার | ত্রৈমাসিক মুনাফার পরিমান | সুদ হার | ত্রৈমাসিক মুনাফার পরিমান |
| ০১ | ত্রৈমাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় প্রকল্প | ৭.৫০ | ১,৮৭৫/- | ৬.৫০ | ১,৬২৫/- |

** মুনাফা হতে বিধি মোতাবেক উৎসকর ও আবগারী শুল্ক কর্তন করতে হবে। মুনাফা স্থানান্তর ফি কর্তন করা হবে না।

চলমান পাতা- ০৪

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**

ক. হিসাব খোলার ৩ (তিন) মাসের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।

খ. ৩ (তিন) মাস পর কিন্তু ৩ (তিন) বছরের কম সময়ের অপরিনত হিসাব বন্ধ করার ক্ষেত্রে সঞ্চয়ী হিসাবে প্রযোজ্য হারে সুদ প্রদান করতে হবে। এক্ষেত্রে ইতোপূর্বে প্রদত্ত মুনাফা যদি প্রাপ্য মুনাফার অতিরিক্ত হয়ে থাকে তবে হিসাব বন্ধ করার সময় অতিরিক্ত প্রদত্ত মুনাফা মুল আমানত হতে আদায় করতে হবে।

গ. মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে হিসাব বন্ধের চার্জ ব্যতিত প্রযোজ্য ক্ষেত্রে আবগারী ও অন্যান্য সরকারী চার্জ কর্তনযোগ্য হবে।

এতদ্ব্যতিত, প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০২০-২০২১/৮৯৬ তারিখ ২৭-১২-২০২০ এর সংশোধনীসহ পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৪/২০১৯ তারিখ ২৮-০৩-২০১৯ এর সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

**০২.০৬। বিকেবি, মাসিক মুনাফা প্রকল্প** (মূল পরিপত্র নং ২৩/২০১৯ তারিখঃ ২১-১০-২০১৯)ঃ

এককালীন ১০০০০০.০০ (এক লক্ষ) টাকা বা এর গুণিতক টাকা জমা দিয়ে মাসের যেকোন কর্মদিবসে হিসাব খোলা যাবে।

| ক্রমিক নং | সঞ্চয় স্কীমের নাম | বর্তমান | | পুনঃনির্ধারিত | |
|---|---|---|---|---|---|
| | | সুদ হার | মাসিক মুনাফার পরিমান | সুদ হার | মাসিক মুনাফার পরিমান |
| ০১ | বিকেবি, মাসিক মুনাফা প্রকল্প | ৮.০০ | ৬৬৬/- | ৭.০০ | ৫৮৩/- |

** মুনাফা হতে বিধি মোতাবেক উৎসকর ও আবগারী শুল্ক কর্তন করতে হবে।

**মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-**

আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবে স্থানান্তরের মাধ্যমে প্রদেয় হবে।

ক. হিসাব খোলার ১ (এক) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।

খ. ১ (এক) বছরের বেশি কিন্তু ৩ (তিন) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে সঞ্চয়ী হিসাবের সুদ হারে মুনাফা প্রদেয় হবে।

গ. ৩ (তিন) বছরের বেশি কিন্তু ৫ (পাঁচ) বছরের কম হলে ৫% হারে মুনাফা প্রদেয় হবে।

ঘ. ৫ (পাঁচ) বছরের উর্ধে কিন্তু ৭ (সাত) বছরের কম হলে ৬.০০% হারে সুদ প্রদেয় হবে।

ঙ. মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে হিসাব বন্ধের চার্জ ব্যতিত প্রযোজ্য ক্ষেত্রে আবগারী ও অন্যান্য সরকারী চার্জ কর্তনযোগ্য হবে।

এতদ্ব্যতিত, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ২৩/২০১৯ তারিখ ২১-১০-২০১৯ এর সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

০৩। উপরোক্ত নির্দেশনা আগামী ০১-০৯-২০২১ হতে কার্যকর হবে। উল্লেখ্য যে, উল্লেখিত স্কীমসমূহে হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে ইতিপূর্বে জারীকৃত প্রযোজ্য পরিপত্র ও পত্রের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। আলোচ্য পরিপত্রের বিষয়ে যেকোন ধরনের অস্পষ্টতা পরিলক্ষিত হলে বা স্পষ্টিকরনের প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর সাথে যোগাযোগ করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

৩১/০৮/২১

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ ( অতিরিক্ত দায়িত্বে)

চলমান পাতা- ০৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০২১-২০২২/ তারিখ ঃ ৩১-০৮-২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

৩১/০৮/২০২১

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৭৪০২৫
ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
E-mail:dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং-০৬/২০১৯ তারিখঃ ৩১-০৩-২০১৯ইং

বিষয়ঃ "বিকেবি মাসিক ডিপোজিট স্কীম" প্রবর্তন প্রসঙ্গে।

দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের সাথে সামঞ্জস্য রেখে ব্যাংকের আমানত স্থিতির লক্ষ্যমাত্রা অর্জন এবং দীর্ঘ মেয়াদি আমানত ভিত্তি গড়ে তোলার লক্ষ্যে আমানতের আকর্ষণীয় প্রডাক্ট বাজারের চাহিদা মোতাবেক প্রচলন করা আবশ্যক। বর্তমান প্রতিযোগীতামুলক ব্যাংকিং সেক্টরে গ্রাহকের চাহিদা বিবেচনা করে নতুনভাবে আমানত স্কীম চালু করার প্রয়োজনীয়তা থেকে "বিকেবি মাসিক ডিপোজিট স্কীম" নামে একটি নতুন প্রডাক্ট চালু করার প্রস্তাব সদয় বিবেচনার জন্য বিগত ১০-০৩-২০১৯ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৪০৫ তম সভার অনুমোদন ও সুপারিশক্রমে ২৮-০৩-২০১৯ইং তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৩০তম সভায় উপস্থাপন করা হয়। পরিচালনা পর্ষদের সদয় অনুমোদনক্রমে "বিকেবি মাসিক ডিপোজিট স্কীম" সম্পর্কিত পরিপত্রটি জারি করা হলো। পরিপত্রটি ০১-০৪-২০১৯ইং তারিখ হতেই কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ প্রদান না করা পর্যন্ত চালু থাকবে।

১.০। হিসাবের নামঃ- "বিকেবি মাসিক ডিপোজিট স্কীম"।

১.১। হিসাব খোলার যোগ্যতাঃ প্রাপ্ত বয়স্ক এবং সুস্থ মস্তিস্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে এ স্কীমের আওতায় এক বা একাধিক হিসাব খুলতে পারবে।

১.২। মেয়াদকাল, সুদের হার, মাসিক জমার পরিমান ও প্রাপ্য টাকার পরিমানঃ-

| মাসিক জমার পরিমান | মেয়াদকাল | সুদের হার |
|---|---|---|
| ১,০০০.০০ টাকা বা তার গুণিতক তবে ১০,০০০.০০ টাকার উর্ধে নয়। | ৩ (তিন) বছর | ৭.২৫ শতাংশ |
| | ৫ (পাঁচ) বছর | ৭.৫০ শতাংশ |
| | ৭ (সাত) বছর | ৮.০০ শতাংশ |
| | ১০ (দশ) বছর | ৮.২৫ শতাংশ |

সরকারী নির্দেশনা মোতাবেক ১০% হারে উৎসকর ও বর্তমান আবগারী শুল্ক কর্তনের পর নীট প্রদেয় টাকার পরিমান নিম্নরূপ (১০০০.০০ টাকা জমার ক্ষেত্রে)ঃ

| মাসিক জমার পরিমান | ৩ বছর পর প্রদেয় | ৫ বছর পর প্রদেয় | ৭ বছর পর প্রদেয় | ১০ বছর পর প্রদেয় |
|---|---|---|---|---|
| ১০০০.০০ টাকা | ৩৯৭৫৮.০০ টাকা | ৭১২৫০.০০ | ১০৮৭৪৩.০০ টাকা | ১৭৬৭১৪.০০ টাকা |

* ১৫% হারে উৎসকর এবং অন্যকোন চার্জ কর্তন করা হলে প্রদেয় টাকার পরিমান কম হবে। তাছাড়া আবগারী শুল্ক বেশি কর্তন করা হলে প্রদেয় টাকার পরিমানে তারতম্য হতে পারে।

১.৩। উদ্দেশ্যঃ স্বল্প ও মধ্যম আয়ের জনগোষ্ঠীকে সঞ্চয়ে উৎসাহিত করার মাধ্যমে ভবিষ্যত আর্থিক নিশ্চয়তা ও কল্যাণ সাধনের মাধ্যমে ব্যাংকের আমানত বৃদ্ধি।

১.৪। "বিকেবি মাসিক ডিপোজিট স্কীম" হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ করতে হবেঃ-

ক) প্রাপ্ত বয়স্ক এবং সুস্থ মস্তিস্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে এ স্কীমের আওতায় এক বা একাধিক হিসাব বাংলাদেশ কৃষি ব্যাংকের যে কোন শাখায় যেকোন মাসের ১০ তারিখের মধ্যে খোলতে পারবে।

চলমান পাতা-০২

খ) যে শাখায় এ স্কীমের আওতায় হিসাব খোলা হবে সে শাখার গ্রাহকের নিজ নামে ০১ (এক)টি সঞ্চয়ী হিসাব থাকতে হবে। গ্রাহকের নিজ নামে শাখায় সঞ্চয়ী হিসাব না থাকলে সঞ্চয়ী হিসাব খুলতে হবে।

গ) হিসাব খোলার সময় আমানতকারীকে তার যথাযথ/পূর্ণাঙ্গ পরিচিতি (KYC) প্রদানসহ জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড/জন্মনিবন্ধন সনদ/পাসপোর্ট এর ফটোকপি ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২(দুই) কপি ছবি প্রদান করতে হবে।

ঘ) গ্রাহকের যদি টিআইএন (TIN) সার্টিফিকেট থাকে তবে হিসাব খোলার সময় টিআইএন (TIN) সার্টিফিকেট জমা নিতে হবে এবং যথাযথভাবে হিসাব খোলার ফর্মে লিপিবদ্ধ করতে হবে এবং সংরক্ষণ করতে হবে।

ঙ) হিসাব খোলার ফরমে মেয়াদকাল, সুদের হার ও মাসিক জমার পরিমান (অংকে ও কথায়) স্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে; কোনরূপ কাঁটাকাঁটি, ঘষামাজা, উপরিলিখন, পরিবর্তন ও পরিমার্জন কোন অবস্থাতেই গ্রহনযোগ্য হবেনা।

চ) এ স্কীমের আওতায় খোলা হিসাবটি চেকবিহীন হবে।

ছ) শাখায় রক্ষিত আমানতকারীর সঞ্চয়ী হিসাব হতে প্রতি মাসের ১০ তারিখে (১০ তারিখ ছুটির দিন হলে পরের দিন) বা ১০ তারিখের মধ্যে মাসিক কিস্তির টাকা এ স্কীমের আওতায় হিসাব খোলা হিসাবে স্থানান্তর করতে হবে। এক্ষেত্রে স্থানান্তর ফি কর্তন করা যাবে না।

জ) মাসিক কিস্তির টাকা স্থানান্তর করার মতো পর্যাপ্ত ব্যালেন্স সংশ্লিষ্ট সঞ্চয়ী হিসাবে না থাকলে গ্রাহককে নোটিশ দিতে হবে এবং পরবর্তী মাসে মাসিক ২% হারে জরিমানাসহ টাকা স্থনান্তর করতে হবে। অর্থাৎ ১০০০.০০ (এক হাজার) টাকা কিস্তির ক্ষেত্রে পরবর্তী মাসে ২০.০০ (বিশ) টাকা জরিমানাসহ ১০২০.০০ টাকা এবং নিয়মিত কিস্তির ১০০০.০০ টাকা স্থানান্তর করতে হবে। একাধারে ৩ মাস মাসিক কিস্তির টাকা স্থানান্তর করা না গেলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। পরবর্তীতে হিসাব চালু করার স্বপক্ষে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। এরূপ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হিসাবের ক্ষেত্রে ১.৬ অনুচ্ছেদের নির্দেশনা প্রযোজ্য হবে।

ঝ) প্রতিটি হিসাবে বাৎসরিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে সুদ প্রদেয় হবে। মাসিক ভিত্তিতে সুদ প্রভিশন রাখতে হবে। সুদ প্রদানের জন্য সূত্র- A=P(1+r/n)nt [A=Amount, P=Principal, r=Interest Rate (Decimal), n=Interest Compounded per year, nt=Time Years]

ঞ) মেয়াদপূর্তিতে গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে এ হিসাবের টাকা সংশ্লিষ্ট সঞ্চয়ী হিসাবে স্থানান্তরের মাধ্যমে প্রদেয় হবে।

১.৫। নমিনি মনোনয়ন সংক্রান্ত নিয়মাবলীঃ-

ক) আমানতকারীকে ব্যাংকের প্রচলিত হিসাবের নিয়মে অবশ্যই নমিনী নিযুক্ত করতে হবে। নমিনীর ০১ (এক) কপি (আমানতকারী কর্তৃক সত্যায়িত) পাসপোর্ট সাইজের ছবি ফর্মের সাথে সংযুক্ত করতে হবে। নাবালক/নাবালিকাকেও নমিনী করা যাবে।

খ) আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাবের স্থিতি গ্রহনের পূর্বে নমিনীর মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। সে ক্ষেত্রে হিসাবধারী নতুন নমিনী মনোনয়ন করতে পারবেন। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনী হিসাবের অর্থ প্রাপ্য হবেন। এ ক্ষেত্রে সাকসেশন সার্টিফিকেট গ্রহনের প্রয়োজন হবে না এবং বিষয়টি শাখা পর্যায়েই নিষ্পত্তিযোগ্য হবে। নমিনীকে হিসাবের অর্থ পরিশোধের সময় নিম্নোক্ত কাগজপত্রাদি গ্রহণ করতে হবে।

- আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।
- নমিনীর আইনানুগ অভিভাবকের আবেদনপত্র ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (নাবালক/নাবালিকার ক্ষেত্রে)।
- নমিনীর পরিচয়পত্র যাচাইয়ের জন্য জাতীয় পরিচয়পত্র/স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/একজন গেজেটেড অফিসার বা ব্যাংকের একজন প্রথম শ্রেণীর কর্মকর্তার প্রত্যয়নপত্র।
- নাবালক/নাবালিকার ক্ষেত্রে নমিনীর আইনানুগ অভিভাবক কর্তৃক শাখার একজন আমানত হিসাবধারীর সাথে যৌথভাবে সম্পাদিত ইনডেমনিটি বন্ড (ক্ষতিপূরন মুচলেকা)।

চলমান পাতা-০৩

গ) আমানতকারী যে কোন সময় লিখিতভাবে তার বিদ্যমান নমিনি মনোনয়ন বাতিল করে নতুন করে নমিনী মনোনয়ন করতে পারবেন।

১.৬। <u>মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি ঃ-</u>

আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাবটি বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করে প্রাপ্য টাকা গ্রাহকের সঞ্চয়ী হিসাবে স্থানান্তরের মাধ্যমে হিসাবের প্রাপ্য অর্থ প্রদেয় হবে। এ ক্ষেত্রে হিসাব বন্ধের জন্য সার্ভিস চার্জ বাবদ ২০০/-(দুইশত) টাকা আদায়যোগ্য হবে এবং নিম্নোক্ত নিয়মাবলী পরিপালন করে সংশ্লিষ্ট সঞ্চয়ী হিসাবে প্রাপ্য অর্থ স্থানান্তর করতে হবে।

ক) হিসাব খোলার ১ বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না।

খ) ১ বছরের বেশি কিন্তু ২ বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে সঞ্চয়ী হিসাবের সুদ হারে মুনাফা প্রদেয় হবে।

গ) ২ বছরের বেশি কিন্তু ৩বছরের কম হলে মেয়াদী আমানত হিসাবের হারে (সর্বোচ্চ ৬%) মুনাফা প্রদেয় হবে।

ঘ) ৩ বছরের বেশি তবে ৫ বছরের কম হলে এ স্কীমের ৩ বছরের জন্য প্রযোজ্য হারে (৭.২৫%) সুদ প্রদেয় হবে।

ঙ) ৫ বছরের বেশি তবে ৭ বছরের কম হলে এ স্কীমের ৫ বছরের জন্য প্রযোজ্য হারে (৭.৫০%) সুদ প্রদেয় হবে।

চ) ৭ বছরের বেশি তবে ১০ বছরের কম হলে এ স্কীমের ৭ বছরের জন্য প্রযোজ্য হারে (৮.০০%) সুদ প্রদেয় হবে।

১.৭। <u>সংশ্লিষ্ট হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান ঃ</u>

আমানতকারীকে আপদকালীন সময়ের জন্য/সাময়িক প্রয়োজনে লিখিত আবেদনের প্রেক্ষিতে তার হিসাবের স্থিতি লিয়েন রেখে নিম্নবর্নিত শর্তে ঋণ প্রদান করা যাবে ঃ

| | | |
|---|---|---|
| ➢ ঋণ সীমা | ঃ | হিসাবে জমাকৃত আসলের সর্বোচ্চ ৮০%। |
| ➢ ঋণের সময়কাল | ঃ | সর্বোচ্চ ০১(এক) বছর। |
| ➢ ঋণের প্রকৃতি | ঃ | সাধারন ও লিমিট আকারে চলমান বা সিসি (এ ক্ষেত্রে সিসির নিয়মাবলী প্রযোজ্য হবে)। |
| ➢ ঋণ প্রাপ্তির যোগ্যতা | ঃ | হিসাব খোলার পরেই হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান করা যাবে। |
| ➢ ঋণ মঞ্জুরীর ক্ষমতা | ঃ | শাখা ব্যবস্থাপক। |
| ➢ সুদের হার | ঃ | এ স্কীমের হিসাবের সুদের চেয়ে ২% বেশী (ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে)। |
| ➢ পরিশোধ পদ্ধতি | ঃ | কিস্তিতে/এককালীন পরিশোধযোগ্য। ঋণটি কোন অবস্থাতেই শ্রেনীকৃত হতে পারবেনা। এ ধরনের সম্ভাবনা দেখা দিলে স্কীমটি বন্ধ করে ঋণ হিসাব সমন্বয়পূর্বক অবশিষ্ট অর্থ গ্রাহককে প্রদান করতে হবে। |
| ➢ দলিল পত্রাদি | ঃ | ক) ডিমান্ড প্রমিসরি নোট। খ) লেটার অব লিয়েন। গ) লেটার অব এরেঞ্জমেন্ট। ঘ) লেটার অব ডিসবার্সমেন্ট। ঙ) সংশ্লিষ্ট আমানত হিসাবটি বন্ধ করে ঋণ হিসাব সমন্বয় (Set Off) করার সম্মতিপত্র। |

১.৮। <u>বিশেষ নির্দেশাবলীঃ-</u>

- ➢ হিসাবধারীর মৃত্যুর পর স্বয়ংক্রিয়ভাবে হিসাবটি বন্ধ হয়ে যাবে। এক্ষেত্রে ১.৬ অনুচ্ছেদ মোতাবেক হিসাবায়ন করে হিসাবের অর্থ যথাযথ নিয়মে নমিনি/উত্তরাধিকারীগণকে পরিশোধ করতে হবে।
- ➢ এ স্কীমের বিপরীতে গৃহীত ঋণ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে আমানতকারীর মৃত্যু হলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট স্থিতি (যদি থাকে) নিযুক্ত নমিনিকে বা উত্তরাধিকারীগণকে প্রদেয় হবে। কোন অবস্থাতেই ঋণের টাকা অসমন্বিত রাখা যাবে না।
- ➢ এ ছাড়া উক্ত স্কীমের জন্য পৃথক লেজার সংরক্ষণ করতে হবে।
- ➢ স্কীমটি ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত বিধায় যে কোন সময় ব্যাংক কর্তৃপক্ষ এ স্কীমের যে কোন শর্ত সংশোধন, সংযোজন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

চলমান পাতা-০৪

- হিসাবের মেয়াদপূর্তির পর গ্রাহককে তার প্রাপ্য টাকা এককালীন প্রদেয় হবে। তবে সরকারী উৎসে কর কর্তনপূর্বক প্রাপ্য টাকা নির্ধারন করতে হবে।
- জমাকৃত টাকার উপর সরকার নির্ধারিত হারে, যথানিয়মে আবগারী শুল্ক কর্তন করতে হবে।
- সরকারিভাবে শুল্ক হার পরিবর্তন বা অন্যকোন কারনে অতিরিক্ত কোন অর্থ কর্তন করা হলে মেয়াদপূর্তিতে গ্রাহক প্রতিশ্রুত পরিমান হতে কম অর্থ পাবেন।
- ব্যাংকের প্রচলিত হিসাব খোলার ফরম পূরণ করেই এ স্কীমের আওতায় হিসাব খুলতে হবে।
- এ স্কীমের আওতায় খোলা হিসাব ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় স্থানান্তর করা যাবে। তবে এক্ষেত্রে আমানতকারীকে হিসাব স্থানান্তরের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা স্থানান্তর ফি প্রদান করতে হবে।

২.০। হিসাব খাতঃ "বিকেবি মাসিক ডিপোজিট স্কীম" এর জন্য জেনারেল লেজারে, ২৩২-"বিকেবি মাসিক ডিপোজিট স্কীম" মুলখাত, ১৩৩/৩৭AP-"বিকেবি মাসিক ডিপোজিট স্কীম" এর উপর প্রদত্ত সুদ উপখাত (ব্যয় খাত) এবং ৪১/৯০-"বিকেবি মাসিক ডিপোজিট স্কীম" এর উপর সুদ প্রভিশন উপখাত নামে ৩টি খাত নির্ধারণ করা হয়েছে।

৩.০। এ স্কীমটি প্রবর্তনের ফলে শাখাসমূহের আমানত বৃদ্ধি পাবে। স্কীমটি জনপ্রিয় ও আমানতকারীগনের নিকট আকৃষ্ট করার উদ্দেশ্যে ব্যাপক প্রচারনা চালাতে হবে; এ উদ্দেশ্যে শাখাসমূহ কর্তৃক দর্শনীয় স্থানে ব্যানার, পোস্টার ও লিফলেটের মাধ্যমে জনসাধারণকে অবহিত ও উদ্বুদ্ধকরণের জন্য মাঠ পর্যায়ে শাখা ও অন্যান্য কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে ব্যক্তিগত উদ্যোগ ও ব্যাপক প্রচার কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকার পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

৩১/০৩/১৯

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০১৮-২০১৯/১৪৮২ তারিখ ঃ ৩১-০৩-২০১৯ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

৩১/০৩/২০১৯

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক